জগন্নাথপুর টুয়েন্টিফোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৪৬৩

তারিখ: ১৫ কার্তিক ১৪২৭
৩১ অক্টোবর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **ষষ্ঠ থেকে নবম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে মূল্যায়ন নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছর ১৬ মার্চ পর্যন্ত ক্লাস হওয়ার পর কোভিড-১৯ মহামারির কারণে ১৮/০৩/২০২০ তারিখ থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। এতে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে; ফলে ২০২০ শিক্ষাবর্ষের নির্ধারিত পাঠ্যসূচি কোথাও যথাযথভাবে, কোথাও বা পূর্ণাংগভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। এ কারণে এ বছরের শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে সংক্ষিপ্ত করে পুনর্বিন্যাস করা হয়েছে। শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখতে সংসদ বাংলাদেশ টেলিভিশনে ধারাবাহিকভাবে শ্রেণি কার্যক্রম প্রচার করা হয়েছে; শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজেদের উদ্যোগে অনলাইন ক্লাস পরিচালনা করেছে। অনেক ক্ষেত্রে প্রশাসনের উদ্যোগে জেলা ও উপজেলা অনলাইন ক্লাস চালু হয়েছে। যেখানে এধরনের সুযোগ ছিল না সেখানে শিক্ষকবৃন্দ মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদেরকে পাঠদান করার চেষ্টা করেছেন। এছাড়াও “কিশোর বাতায়নের” মত কিছু প্ল্যাটফর্মে ডিজিটাল ক্লাসগুলোকে এমনভাবে আপলোড করা হয়েছে যাতে দেশের যে কোন শিক্ষার্থী দেশের যে কোন জায়গা থেকে যে কোন সময় এই ক্লাসগুলো দেখতে পায়। তথাপি বাধ্য হয়ে হঠাৎ করে নতুন ধরনের শিখন-শেখানো কার্যক্রম চালু করাতে অনেক শিক্ষার্থী প্রয়োজনীয় শিখনফল অর্জন করতে পারেনি। এমতাবস্থায় শিক্ষার্থী যেন আরও কিছু শিখনফল অর্জন করে পরবর্তী শ্রেণির জন্য প্রস্তুত হতে পারে সেই বিষয়টি বিবেচনায় এনে তাদের পাঠ্যসূচি পূণর্বিন্যাস এবং এ্যাসাইনমেন্টের মাধ্যমে মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। এই মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের অর্জিত শিখন ফলের সবলতা বা দূর্বলতা চিহ্নিত করে পরবর্তী শ্রেণিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি ও স্বাস্থ্য নিরাপত্তার কথা বিবেচনা করে সরকার প্রথাগতভাবে বার্ষিক পরীক্ষা না নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে। তবে আ্যাসাইনমেন্টের মাধ্যমে তাদের অর্জিত শিখনফল মূল্যায়ন করা হবে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে কোন সপ্তাহে শিক্ষার্থীর কী মূল্যায়ন করা হবে সে বিবেচনায় এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করা হয়েছে। প্রতি সপ্তাহের শুরুতে ঐ সপ্তাহের জন্য নির্ধারিত এ্যাসাইনমেন্টগুলো দিয়ে দেওয়া হবে, এবং সপ্তাহ শেষে শিক্ষার্থীরা তাদের এ্যাসাইনমেন্ট শেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিয়ে (অভিভাবক বা অন্য কারও মাধ্যমে/ অন-লাইনে) নতুন এ্যাসাইনমেন্ট গ্রহণ করবে।

**শিক্ষকের জন্য মূল্যায়ন নির্দেশনা :**

(১) এ্যাসাইনমেন্ট গ্রিড (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত) অনুসরণ করে শিক্ষার্থীকে প্রতি সপ্তাহে ৩টি করে এ্যাসাইনমেন্ট (কাজ) দিতে হবে।

(২) নির্ধারিত বিষয়সমূহের প্রস্তাবিত এ্যাসাইনমেন্ট (কাজ) জমা নেওয়া, মূল্যায়ন করা, পরীক্ষকের মন্তব্য সহ এ্যাসাইনমেন্টটি শিক্ষার্থীকে দেখানো, এবং তারপর প্রতিষ্ঠানে সেটি সংরক্ষণ করার কাজটি ৩১ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৩) এই কার্যক্রমে প্রতিটি শিক্ষার্থীর অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে।

(৪) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে সকল মূল্যায়ন রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(৫) এ্যাসাইনমেন্ট (কাজ) এর আওতায় ব্যাখ্যামূলক প্রশ্ন, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, সৃজনশীল প্রশ্ন, প্রতিবেদন প্রণয়ন ইত্যাদি অন্তর্ভূক্ত রয়েছে।

(৬) শিক্ষার্থীরা এ্যাসাইনমেন্ট গুলো সাদা কাগজে স্বহস্তে লিখে জমা দেবে।

(৭) অভিভাবক বা তাঁর প্রতিনিধি স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতি সপ্তাহে একদিন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এ্যাসাইনমেন্ট সংগ্রহ করবেন এবং জমা দিবেন।

(৮) শিক্ষার্থীর লেখায় তার মৌলিক চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা প্রতিফলিত হয়েছে কি-না শিক্ষক তা বিশেষ ভাবে লক্ষ্য করবেন।

(৯) প্রদত্ত উত্তরে প্রয়োজনীয় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র, ব্যাখ্যা ইত্যাদি পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।

(১০) প্রত্যেক শিক্ষার্থীর প্রতিটি বিষয়ের প্রতিটি এ্যাসাইনমেন্ট মূল্যায়ন করে তার সবল/দুর্বল দিকগুলো খাতায় চিহ্নিত করতে হবে; এবং এমন ভাবে তাঁর মন্তব্য লিপিবদ্ধ করতে হবে যাতে শিক্ষার্থী তার সবল ও দুর্বল দিকগুলো স্পষ্টভাবে উপলব্ধি করতে পারে।

(১১) এ্যাসাইনমেন্ট মূল্যায়ন করার পর শিক্ষক তাঁর মতামতসহ এ্যাসাইনমেন্টটি শিক্ষার্থীদের নিকট পৌঁছানোর ব্যবস্থা করবেন এবং একটি নির্দিষ্ট সময় শেষে সেটি ফেরত এনে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

(১২) শিক্ষক একটি শ্রেণির একটি বিষয়ের সবগুলো এ্যাসাইনমেন্ট এর সামগ্রিক মূল্যায়নের উপর ভিত্তি করে মন্তব্য করবেন (যেমন: অতি উত্তম, উত্তম, ভালো ও অগ্রগতি প্রয়োজন)। এগুলো পরিমাপের নির্দেশক নিচে দেওয়া হলো :

(ক) অতি উত্তম : (১) বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা।
(২) লেখায় তথ্য, তত্ত্ব, ও সূত্র পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ।
(৩) লেখায় লক্ষ্যনীয় নিজস্বতা বা সৃজনশীলতা।

(খ) উত্তম : (১) বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা।
(২) লেখায় তথ্য, তত্ত্ব, ও সূত্র পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ।
(৩) লেখায় নিজস্বতা বা সৃজনশীলতা আছে তবে তা লক্ষনীয় নয়।

(গ) ভালো : (১) বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব।
(২) লেখায় তথ্য, তত্ত্ব, সূত্র ও ব্যাখ্যা আংশিকভাবে সঠিক।
(৩) লেখায় সামান্য নিজস্বতা ও সৃজনশীলতা।

(ঘ) অগ্রগতি প্রয়োজন : (১) বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব।
(২) লেখায় তথ্য, তত্ত্ব, সূত্র ও ব্যাখ্যা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ নয়।
(৩) লেখায় নিজস্বতা বা সৃজনশীলতার অভাব।

**শিক্ষার্থীদের জন্য নির্দেশনা :**

(১) শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে, তাই এটি অনুসরণ করা জরুরি।

(২) এ্যাসাইনমেন্ট তৈরি করতে এনসিটিবি প্রণীত ও প্রকাশিত ২০২০ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করলেই চলবে। গাইড বই, নোট বই বা বাজার থেকে কেনা নোটের প্রয়োজন নেই।

(৩) মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই অন্যের লেখা নকল করে এ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল করা হবে এবং পুনরায় সেই এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

(৪) এ্যাসাইনমেন্ট সরাসরি নিজের হাতে লিখতে হবে। এতে হাতের লেখার যেমন অনুশীলন হবে, তেমনি বিষয়টি বুঝতেও সুবিধা হবে।

(৫) এ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে যে কোনো কাগজ ব্যবহার করলেই চলবে। তবে কাভার পৃষ্ঠায় নাম, শ্রেণি, রোল, বিষয় (সাবজেক্ট) ও এ্যাসাইনমেন্ট এর শিরোনাম/ধরণ স্পষ্টভাবে লিখতে হবে।

**প্রতিষ্ঠান প্রধানগণের জন্য নির্দেশনা :**

(১) সর্বাগ্রে শিক্ষক, শিক্ষার্থী, ও অভিভাবকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে।

(২) শিক্ষার্থী মূল্যায়ন কার্যক্রমে সকল বিষয়ভিত্তিক শিক্ষকসহ অন্যান্য শিক্ষকগণ ও কর্মচারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ শিক্ষার্থী মূল্যায়নের কার্যকারিতা ও ফলপ্রসূতা যাচাইয়ে শিক্ষার্থী প্রদত্ত এ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ করবেন। তাই এগুলো যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(৪) কোনো শিক্ষার্থী যেন কারো দ্বারা অনৈতিক কোনো চাপের মুখোমুখি না হয় তা অবশ্যই খেয়াল রাখতে হবে। প্রয়োজনে এ বিষয়ে কোনো তথ্যের প্রয়োজন হলে স্থানীয় শিক্ষা কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে।

(৫) ১লা নভেম্বর ২০২০ খ্রি. থেকে ১৫ ডিসেম্বর ২০২০ খ্রি. মধ্যে এ্যাসাইনমেন্ট প্রদান ও জমা নেওয়ার কাজসম্পন্নকরতেহবে।

(৬) এ্যাসাইনমেন্ট গ্রিড (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত) অনুসরণ করতে হবে।

(৭) সামাজিক দুরত্ব/ শিক্ষার্থীদের জমায়েত এড়ানোর জন্য প্রয়োজনে এ্যাসাইনমেন্ট জমা রাখার বক্স এর ব্যবস্থা করতে পারবেন।

(৮) সামাজিক দুরত্ব বজায় রাখার জন্য নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ে শ্রেণিওয়ারী এ্যাসাইনমেন্ট জমা নেওয়া এবং পরবর্তী এ্যাসাইনমেন্ট বিতরণ করতে হবে।

(৯) নোট বই, গাইড বই, বা অন্য কারও লেখা থেকে নকল করে এ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল করতে হবে এবং পুনরায় সেই এ্যাসাইনমেন্ট জমা দিতে বলতে হবে।

(১০) ১লা নভেম্বর ২০২০ খ্রি. থেকে ৩১ ডিসেম্বর২০২০ খ্রি. পর্যন্ত মাউশি নির্ধারিত এ্যাসাইনমেন্ট ছাড়া শিক্ষার্থীদের আর কোন ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ দেওয়া যাবে না।

(১১) এই নির্দেশনা অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌঁছানো নিশ্চিত করবেন।

**অভিভাবকগণের প্রতি পরামর্শ :**

(১) শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা।

(২) শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্টের মাধ্যমে মূল্যায়ন প্রক্রিয়া মূলত তাদের শিখন অর্জন যাচাই এবং কোন্ কোন্ ক্ষেত্রে শিখনের ঘাটতি রয়েছে তা নিরুপণ করা। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা।

(৩) শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা।

(৪) শিক্ষার্থী যেন সময়মত এ্যাসাইনমেন্ট পায় এবং তা যেন যথাসময়ে জমা দেওয়া হয় তা নিশ্চিত করা।

(৫) নোট বই, গাইড বই, বা অন্য কারও লেখা থেকে নকল করে এ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল করা হবে এবং পুনরায় এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে। এ্যাসাইনমেন্ট তৈরির সময় শিক্ষার্থী যেন নোট বই বা গাইড বইয়ের সাহায্য না নেয়, বা অন্য কারও লেখা থেকে নকল না করে তা লক্ষ্য রাখা।

**জেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নির্দেশনা :**

(১) প্রতিটি প্রতিষ্ঠান সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করছেন কিনা তা নিশ্চিত করতে হবে।

(২) ১লা নভেম্বর ২০২০ খ্রি. থেকে মূল্যায়ন কার্যক্রম প্রতিটি প্রতিষ্ঠান এবং সকল শিক্ষার্থী শুরু করছেন কিনা তা নিশ্চিত করতে হবে।

(৩) এ্যাসাইনমেন্ট এর মাধ্যমে শিক্ষার্থীর মূল্যায়নে যথার্থতা ও নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে হবে।

(৪) শিক্ষকগণ মূল্যায়ন করে শিক্ষার্থীদের দুর্বল দিকগুলো চিহ্নিত করে সুনির্দিষ্ট মন্তব্য করেছেন কিনা তা পরিবীক্ষণ করতে হবে।

(৫) প্রতিটি প্রতিষ্ঠান শ্রেণিভিত্তিক বিষয় ওয়ারী মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ করছেন কিনা তা নিশ্চিত করতে হবে।

(৬) এই কার্যক্রমে শিক্ষার্থী যেন কারো দ্বারা অনৈতিক কোনো চাপের মুখোমুখি না হয় তা খেয়াল রাখতে হবে।

(৭) এতদসংক্রান্ত কোনো বিষয়ে স্পষ্টীকরণ প্রয়োজন হলে সহযোগিতা করতে হবে।

(৮) ১লা নভেম্বর ২০২০ খ্রি. থেকে ৩১ ডিসেম্বর ২০২০ খ্রি. পর্যন্ত মাউশি নির্ধারিত এ্যাসাইনমেন্ট ছাড়া শিক্ষার্থীদের যেন আর কোন ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ দেওয়া না হয় সে বিষয়ে খেয়াল রাখতে হবে।

(৯) এই নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌঁছানো হয়েছে কিনা সে বিষয়টি নিশ্চিত হতে হবে।

**গ্রিড এবং এ্যাসাইনমেন্ট এর কপি সংযুক্ত।**

৩১-১০-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

...

১) ্

জগন্নাথপুর টুয়েন্টিফোর

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের গ্রিড**

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১. | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ | |
| ২. | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ | |
| ৩. | গণিত | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৪. | বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ | |
| ৫. | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ | |
| ৬. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | অ্যাসাইনমেন্ট-১ | | | | | ১ | |
| ৭. | ইসলাম ও নৈতিক শিক্ষা/ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/ বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা/ খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ | |
| ৮. | কৃষি শিক্ষা/ গার্হস্থ্য বিজ্ঞান | | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ | |
| | মোট | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ১৮ | |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে সপ্তম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের গ্রিড**

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১. | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ | |
| ২. | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ | |
| ৩. | গণিত | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৪. | বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ | |
| ৫. | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ | |
| ৬. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | অ্যাসাইনমেন্ট-১ | | | | | ১ | |
| ৭. | ইসলাম ও নৈতিক শিক্ষা/ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/ বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা/ খ্রিষ্টানধর্ম ও নৈতিক শিক্ষা | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ | |
| ৮. | কৃষি শিক্ষা/ গার্হস্থ্য | | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ | |
| | মোট | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ১৮ | |

জগন্নাথপুর Jagannathpur 24.com টুয়েন্টিফোর

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে অষ্টম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১. | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ | |
| ২. | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ | |
| ৩. | গণিত | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৪. | বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ | |
| ৫. | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ | |
| ৬. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | অ্যাসাইনমেন্ট-১ | | | | | ১ | |
| ৭. | ইসলাম ও নৈতিক শিক্ষা/ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/ বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা/ খ্রিষ্টানধর্ম ও নৈতিক শিক্ষা | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ | |
| ৮. | কৃষি শিক্ষা/ গার্হস্থ্য | | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ | |
| | মোট | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ১৮ | |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১. | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ | |
| ২. | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ | |
| ৩. | গণিত | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৪. | বিজ্ঞান/ বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৫. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | অ্যাসাইনমেন্ট-১ | | | | ১ | |
| ৬. | পদার্থবিজ্ঞান/ভূগোল/হিসাববিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৭. | রসায়ন/বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা/ব্যবসায় উদ্যোগ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ | |
| | মোট | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ১৮ | |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি : ৬ষ্ঠ বিষয় : বাংলা

| নির্ধরিত কাজের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশনা |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | সততার পুরস্কার<br>মিনু<br>নীলনদ আর পিড়ামিডের দেশ | ক) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন-<br>১। ইহুদি বংশে তিনজন লোকের কী কী শারীরিক সমস্যা ছিল?<br>২। 'সততার পুরস্কার' গল্পে তৃতীয় ব্যক্তির মানসিকতার সংক্ষিপ্ত পরিচয় দাও।<br>৩। 'সততার পুরস্কার' গল্পটির শিক্ষণীয় দিকটি অল্প কথায় লিখ।<br>৪। লোকে যোগেন বসাককে মহৎলোক বলে ভাবতো কেন?<br>৫। বোলতা বা ভিমরুলকে মিনু শত্রু ভাবে কেন?<br>৬। মিনুর অনেক জ্বর থাকা সত্ত্বেও ছুটে বাইরে বেরিয়ে এসেছিল কেন?<br>৭। সমঝদার আর ঘরছাড়া মানুষ কিসের টানে মিশরে ছুটে যায়?<br>৮। নীলের উপর ভেসে চলা নৌকা দেখে লেখকের অভিব্যক্তির পরিচয় দাও।<br>৯। মৃত ব্যক্তি সম্পর্কে ফারাওরা কী বিশ্বাস করতেন?<br>১০। নীলনদ আর পিড়ামিডের দেশ ভ্রমণকাহিনী অনুযায়ী সুদানবাসীর শারীরিক গঠনের বর্ণনা দাও। | • উত্তরগুলোর বিষয়বস্তু সঠিক হতে হবে<br>• বাক্যগঠন ও বানান শুদ্ধ হবে |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020**

**Class-6** **Subject-English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 1st Assigned Task | Lesson 1: Going to a new school<br>Lesson 2: Congratulations! Well done!<br>Lesson 3: A railway station<br>Lesson 4: Where are you from? | Lesson 1<br>HW: A1, B4 (from textbook)<br>Lesson 2<br>HW: B2, B3(from textbook)<br>Lesson 3<br>HW: A4(from textbook) | Teacher will check whether the students use appropriate word to fill in the gaps, their ideas to organize a paragraph, skill of relating to real life, use of language in given situation or dialogue, |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| | | | spelling, use of correct grammar in the sentences |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি : ষষ্ঠ** **বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | **১ম অধ্যায়-বাংলাদেশের ইতিহাস**<br>পাঠ - ১ ও ২ বাংলাদেশের মুক্তিযুদ্ধ<br>পাঠ – ৩, ৪ ও ৫ বাংলাদেশে মানব বসতি ও রাজনৈতিক ইতিহাস<br>**দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশ ও বিশ্বসভ্যতা**<br>পাঠ -১ ভারত উপমহাদেশের নগর সভ্যতা।<br>পাঠ -২ উয়ারী-বটেশ্বর।<br>পাঠ – ৩ মহাস্থানগড়। | নিচের প্রশ্নগুলোর উত্তর দাও<br>১। মুক্তিযুদ্ধে বাংলাদেশের বিজয়ের কারণগুলো বর্ণনা কর।<br>২। ভারত উপমহাদেশের বিভিন্ন প্রচীন সভ্যতা ও রাজবংশগুলোর একটি তালিকা তৈরি কর।<br>৩। সভ্যতার ইতিহাসে পারসীয়দের দুইটি বড় অবদান বর্ণনা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• সিদ্ধান্ত গ্রহনের দক্ষতা |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি : সপ্তম　　　　বিষয় : বাংলা

| এ্যাসাইন্টমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | কাবুলিওয়ালা | নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ :<br>ভাড়াটিয়া মনোয়ার হোসেন বাড়ির মালিক হামিদ সাহেবের শিশু সন্তান আহনাফকে ভীষণ আদর-সোহাগ করেন। নিঃসন্তান মনোয়ার হোসেন প্রায়ই অফিস থেকে ফেরার পথে আহনাফের জন্য খেলনা, খাবারসহ নানা উপহার নিয়ে আসেন। আহনাফের মা এই বিষয়টিকে ভালোভাবে গ্রহণ করেন না। স্বামীকে এবিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেন।<br>গ) উদ্দীপকে আহনাফের মায়ের সাথে 'কাবুলিওয়ালা' গল্পের মিনুর মা কোনদিক থেকে সাদৃশ্যপূর্ণ ?—ব্যাখ্যা কর।<br>ঘ) উদ্দীপকে 'মনোয়ার হোসেনের চরিত্রে 'কাবুলিওয়ালা গল্পের মূল ভাবের প্রতিফলন ঘটেছে। উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। | গ.<br>● উদ্দীপকে আহনাফের মায়ের সাথে কাবুলিওয়ালা গল্পের মিনুর মায়ের কোন দিক থেকে বিষয়টি সাদৃশ্যপূণ সেই বিষয়টি উল্লেখ করতে হবে<br>● বিষয়টি বইয়ের আলোকে ব্যাখ্যা করতে হবে।<br>● বিষয়টি বইয়ের সাথে মিলাতে হবে<br>ঘ.<br>● উদ্দীপকে কাবুলিওয়ালা গল্পের মূলভাবটি কীভাবে প্রতিফলিত হয়েছে তা উল্লেখ করতে হবে।<br>● বিষয়টি বইয়ের আলোকে ব্যাখ্যা করতে হবে।<br>● উদ্দীপকের বিষয়টি গল্পের যে মূল ভাব তা যুক্তিসহ দেখাতে হবে |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020**

**Class-7**　　　　**Subject-English**

| Serial | Unit and Title of the lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 1st Assigned Task | Unit -1(Attention, please),<br>Unit - 2 (My study guide)<br>Unit - 3 (What are friends for?) | **Homework**:<br>1. Read the lessons on "Flora's first day at school 1 and 2" (pages19-21) and write a paragraph on "Your first day at school".<br>2. Write a letter with own words to your friend Shakil/ Shakila who studies at X Zilla School in another district describing a prize giving ceremony in which you received a prize at your school. | Teacher will give feedback to asses the tasks on ideas, content, vocabulary, organization, communication, spelling, punctuation |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি-সপ্তম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইন্টমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় : বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম**<br>পাঠ-৭ ও ৮: পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বৈষম্য<br>**দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশের সংস্কৃতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য**<br>পাঠ-১: বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের ধারণা<br>পাঠ-২ ও ৩: বাংলাদেশের গ্রাম ও শহরের সংস্কৃতি | নিচের প্রশ্নগুলোর উত্তর দাও<br>● তদানীন্তন পূর্ব পাকিস্তানের প্রতি পশ্চিম-পাকিস্তানীরা যে সব বৈষম্য সৃষ্টি করেছিল তার একটি তুলনামূলক চিত্র উপস্থাপন কর।<br>● বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যে ধর্ম, ভাষা ও উৎসবের ভূমিকা ব্যাখ্যা কর। | ➢ বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>➢ নিভূল তথ্য<br>➢ ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয়<br>➢ প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদান<br>➢ যুক্তিসম্মত ব্যাখা প্রদান<br>➢ উপস্থাপনায় বৈচিত্র্য |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম শ্রেণি　　　　　　　　　　　　বিষয়: বাংলা

| এ্যাসাইনমেন্টের ক্রমিক | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | নির্ধারিত কাজ | | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট ওয়ার্ক | অতিথির স্মৃতি | কভার পেজের নমুনা<br>এ্যাসাইনমেন্টের শিরোনাম:<br>বিদ্যালয়ের নাম:　তারিখ:<br>ছাত্র/ছাত্রীর নাম:<br>বিষয়:<br>শ্রেণি:　শাখা:<br>রোল: | <u>এ্যাসাইনমেন্টে</u><br>মনে কর, তুমি শিক্ষা সফরে কোন বিশেষ স্থানে ভ্রমন করতে গিয়েছো। সেখানে গিয়ে তুমি কোন কোন ধরণের অভিজ্ঞতা অর্জন করলে তার একটি বিবরণ লিপিবদ্ধ কর। | ➢ এ্যাসাইনমেন্ট লেখার নিয়ম অনুযায়ী কভার পেজটি তৈরি করতে হবে।<br>➢ শিক্ষা সফরের বিষয়গুলো ধারাবাহিকবাবে লিখে যথাযথ বর্ণনা দিতে হবে।<br>➢ বাক্যগঠন ও বানান সঠিক হতে হবে। |

**Assigned Task, Assignment and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020**

Class-8　　　　　　　　　　　　Subject-English

| Serial | Unit and Title of the lesson | | Assigned Tasks/Assignment | Assessment Criteria |
|---|---|---|---|---|
| 1st Assigned Task | Unit-1 | Lesson-2<br>Nakshi Kantha | HW: Section-D | Teacher will give feedback to asses the tasks on ideas, vocabulary, grammar, content, spelling, punctuation and communication. |
| | Unit-2 | Lesson-4<br>A Delicious Dish | Assignment:<br>Think about a delicious and nutritious food like Khichuri or Pudding or Firni. Ask some questions to your mother about its recipe. Try to prepare it with the help of other family members. Now, describe how to cook it following the recipe of custard given in your textbook. Also write down two reasons why it is a good or healthy food. | |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: অষ্টম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রমিক নং | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায়: ঔপনিবেশিক যুগ ও বাংলার স্বাধীনতার সংগ্রাম**<br>• পাঠ-৭ ও ৮: বাংলার নবজাগরণ ও পাকিস্তান রাষ্ট্রের উদ্ভব।<br>**দ্বিতীয় অধ্যায়: বাংলাদেশের মুক্তিযুদ্ধ**<br>• পাঠ-১: সশস্ত্র মুক্তিযুদ্ধের পটভূমি<br>• পাঠ-২: ৭ই মার্চের ভাষণ ও বাঙ্গালীর স্বাধীনতার প্রস্তুতি। | • বাংলার নবজাগরণ ও তৎকালীন সমাজ ব্যবস্থার পরিবর্তনে প্রতিনিধিত্বকারী বিভিন্ন ব্যক্তির গুরুত্বপূর্ণ অবদান বর্ণনা কর।<br>• বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে ৭ই মার্চের বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের তাৎপর্য বিশ্লেষণ কর। | • বিষয়বস্তুগত জ্ঞান<br>• নির্ভুল তথ্য প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদান<br>• নিজস্ব মতামতের যৌক্তিক ব্যাখ্যা প্রদান |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি : নবম | বিষয় : বাংলা

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | কপোতাক্ষ নদ | একজন দেশপ্রেমিক নাগরিকের দশটি গুণ ১০ বাক্যে প্রকাশ কর। | • দেশপ্রেমের বিষয়টি উল্লেখ করতে হবে<br>• দেশপ্রেমিক নাগরিকের ১০টি গুণ লিখতে হবে।<br>• বাক্য গঠন ও বানান শুদ্ধ হবে। |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020**

Class-9 | Subject-English

| Serial | Unit and Title of the Lesson | Assigned Task/Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 1st Assigned Task | Unit-1, Lesson-4 Responsibilities | HW: Section-C | Teacher will check students' ability to use appropriate vocabulary for making list and give comment |
| | Unit-4, Lesson-1, The Ferry Boat | HW: Section-C ( Question No. 3) | Teacher will check students' ability to use language to connect the reality with content, grammar, spelling, punctuation, vocabulary, communication . |
| | Unit-4 Lesson-4, The Story Of Lipi | Assignment:<br>Read the beginning of the story. Write 10 new sentences to complete the story in a way you would like.<br>Nila, a young girl of 14 is a student of class 9 of Noapara Girls' High school, Noapara. She was a poor girl but had an aspiration to help her family for a better life. On her way to school , a boy named Alam used to tease her very often. But she didn't get frustrated rather……………………………………………………… | Teacher will check students' ability to use content, grammar, spelling, punctuation, vocabulary, communication . |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুর্নবিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: নবম** **বিষয়: রসায়ন**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিতকাজ-১ / এ্যাসাইনমেন্ট -১ | প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়:<br>• রসায়নের ধারণা,<br>• পদার্থের অবস্থা<br>• পদার্থের গঠন | **নির্ধারিতকাজ-১ / অ্যাসাইনমেন্ট-১:** হাতে কলমে কাজের মাধ্যমে খাদ্য লবণ ও বালুর মিশ্রণ থেকে উপাদানসমূহ পৃথক কর এবং নিম্নের প্রশ্নগুলোর উত্তর দাও | |
| | | ১। এ পরীক্ষণে কোন কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছে? | (১) পরীক্ষণে ব্যবহৃত পদ্ধতি দুটির নাম |
| | | ২। কাজের ধারাবাহিক বর্ণনা কর। | (২) ধারাবাহিকভাবে কাজের সঠিক বর্ণনা |
| | | ৩। পরীক্ষণের উপর তোমার পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত ব্যাখ্যা কর। | (৩) সঠিক পর্যবেক্ষণ ও সিদ্ধান্তসমূহ |
| | | ৪। এ পরীক্ষণে তুমি কী কী সাবধানতা অবলম্বন করেছ? | (৪) সাবধানতাসমূহ |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি : নবম** **বিষয় : বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | প্রথম অধ্যায়: ইতিহাস পরিচিতি<br><br>দ্বিতীয় অধ্যায়: বিশ্বসভ্যতা (মিশর, সিন্ধু, গ্রিক ও রোম)<br><br>তৃতীয় অধ্যায়: প্রাচীন বাংলার জনপদ (জনপদ) | ক) ইতিহাস পাঠ করা প্রয়োজন কেন?<br>খ) প্রাচীন বিশ্বের উল্লেখযোগ্য সভ্যতাগুলো কী কী?<br>গ) প্রাচীন বাংলার মানচিত্র অংকন করে জনপদগুলোর নামসহ বর্তমান অবস্থান চিহ্নিত কর। | মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষকবৃন্দ নিম্নলিখিত বিষয়ের প্রতি গুরুত্ব দিবেন-<br>১. বিষয়বস্তুর সঠিকতা<br>২. প্রশ্নের নির্দেশনা অনুযায়ী ধারাবাহিকভাবে উত্তরের মিল/অমিল চিহ্নিতকরণ<br>৩. নির্ভুলভাবে শব্দ ও বাক্য ব্যবহারের সক্ষমতা<br>৪. মানচিত্র অংকনের সঠিকতা এবং সঠিকভাবে জনপদের অবস্থান চিহ্নিতকরণ। |

জগন্নাথপুর টুয়েন্টিফোর

**কোভিড ১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে নবম শ্রেণির ৩০ কর্মদিবসের জন্য পুণর্বিন্যাসকৃত পাঠ্যসূচির শিখন কার্যক্রম ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: নবম** **বিষয়: ব্যবসায় উদ্যোগ**

| ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন/সৃজনশীল প্রশ্ন/এ্যাসাইনমেন্ট/অন্যান্য | মূল্যায়ন নির্দেশক | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | প্রথম অধ্যায়: ব্যবসায় পরিচিতি ও দ্বিতীয় অধ্যায়: ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তা | ১. ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশের ধারা ছকে প্রদর্শন কর। | • বিষয়বস্তুর ধারণা<br>• বিষয়বস্তুর ধারাবাহিকতা<br>• ক্রমবিকাশের ছক | |